# বিএনপি চায় অন্তর্বর্তী সরকারই পালন করুক তত্ত্বাবধায়কের ভূমিকা




সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচনকে সুষ্ঠু ও নিরপেক্ষ করতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে তত্ত্বাবধায়ক সরকারের ভূমিকায় কাজ করার আহ্বান জানিয়েছে বিএনপি। মঙ্গলবার সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বৈঠক শেষে এ দাবি জানান বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি প্রশাসনে দলীয় প্রভাবমুক্ত পরিবেশ নিশ্চিত করার ওপরও জোর দেন।

জাতীয় নির্বাচনকে অর্থবহ ও অংশগ্রহণমূলক করতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে একটি তত্ত্বাবধায়ক ভূমিকা প্রয়োজন বলে মনে করে বিএনপি। মঙ্গলবার (২১ অক্টোবর) সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক শেষে প্রেস ব্রিফিংয়ে এই মন্তব্য করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

তিনি বলেন, “নির্বাচনের আগে প্রশাসন নিরপেক্ষ থাকবে—এই বার্তাটি জনগণের কাছে পৌঁছানো জরুরি। তা না হলে জনগণের আস্থা তৈরি হবে না।”

মির্জা ফখরুল আরও বলেন, “সচিবালয়ে এখনো অনেক কর্মকর্তা রয়েছেন যাদের আমরা ফ্যাসিস্ট সরকারের দোসর মনে করি। আমরা প্রধান উপদেষ্টার কাছে অনুরোধ করেছি, তাদের সরিয়ে প্রশাসনকে নিরপেক্ষ করা হোক।”

তিনি জানান, সরকারের বিভিন্ন পদে যদি দলীয় লোকজন থাকেন, তাহলে তাদেরও অপসারণের অনুরোধ জানানো হয়েছে।

এর আগে সন্ধ্যা ৬টার পর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বিএনপির তিন সদস্যের প্রতিনিধি দল প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে বসে। প্রতিনিধি দলে মির্জা ফখরুল ইসলাম আলমগীর ছাড়াও ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ও সালাহউদ্দিন আহমদ।

LENS ASIA